

স্মারক নং: ০৫.৪৬.৪৮৪৫.০০০.০০.০০০.২২-৬৯১

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০১৭ (১৩ জুলাই ২০১৭ তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যার গেজেট) এর প্রজ্ঞাপন মূলে কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত শূন্য পদ দফাদার ও মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা			বেতন	শিক্ষাগত যোগ্যতা
			দফাদার	মহল্লাদার	ওয়ার্ড নং		
০১.	সহশ্রাম ধূলদিয়া	মহল্লাদার	-	০১ টি	০৩	সর্বসাকুল্য (ইউপি+সরকারি অংশ) ৬,৫০০/- তৎসহ অন্যান্য সুযোগ সুবিধা।	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২.	জালালপুর	মহল্লাদার	-	০১ টি	০৯		

*** শর্তাবলীঃ**

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) ০২ নভেম্বর ২০২৩ তারিখে বয়স ১৮-৩০ হতে হবে (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে চাকুরির আবেদনের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
 - (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দিতে হবে।
 - (খ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্মসনদের সত্যায়িত ফটোকপি। মৌখিক পরীক্ষার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।
 - (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দিতে হবে।
 - (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি সনদপত্র দিতে হবে।
 - (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি দিতে হবে।
 - (চ) উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাস্ট/ পেঅর্ডার সংযুক্ত করতে হবে।
 - (ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি দিতে হবে।
 - (জ) বিধিমালায় বর্ণিত উপযুক্ত বিবেচিত হইলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

(ঝ) মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর শারীরিক যোগ্যতা:-

(পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে)

- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি হতে হবে।
- (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) হতে হবে।
- (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে।
- (ঘ) ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(মহিলা প্রার্থীদের ক্ষেত্রে)

- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট হতে হবে।
- (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) হতে হবে।
- (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- (ঘ) ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৪। প্রার্থীর সনদপত্রাদি ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে

০৫। ০২ নভেম্বর ২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার কোটার ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর পর্যন্ত

শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ বিবেচ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না

০৬। আবেদনপত্র আগামী ২২ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।

- ০৭। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ০৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। প্রার্থীকে অবশ্যই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ ও উত্তীর্ণ হতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। খামের উপর অবশ্যই পদের নাম ও ইউনিয়নের নাম লিখতে হবে।
- ১১। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংযোজন/বিয়োজন/পরিমার্জনসহ প্রয়োজনে নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১০১-
ওয়াহিদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগ বাছাই কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

স্মারক নং: ০৫.৪৬.৪৮৪৫.০০০.০০.০০০.২২-৬৩৩/৩ (৩৩)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

- ০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ।
- ০৫। সহকারী কমিশনার(ভূমি) (সকল), কিশোরগঞ্জ।
- ০৬। সহকারী প্রোগ্রামার, কটিয়াদী, কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি উপজেলা পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান,.....ইউপি (সকল), কটিয়াদী, কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়নে আপলোড ও মাইকিংসহ বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, -----ইউনিয়ন ভূমি অফিস, কটিয়াদী, কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ইউনিয়নের বিভিন্ন জনসমাগমস্থলে ও হাট-বাজারসমূহে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। -----কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ১০। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল।

০২/১১/২০২৩
ওয়াহিদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
কটিয়াদী, কিশোরগঞ্জ।